তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# প্রাথমিক শিক্ষা উপবৃত্তি প্রকল্প

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের উদ্দেশ্য হলো— ছাত্রছাত্রীর ভর্তির হার বৃদ্ধি, প্রাথমিক শিক্ষা চক্র সমাপন, দারিদ্র্যের হার হ্রাস, শিশুশ্রম বন্ধ, ঝরে পড়া রোধ, নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা জোরদারকরণ সর্বোপরি মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা। বিগত সময়ে উপজেলাভিত্তিক উপবৃত্তির একটি নির্দিষ্ট কোটা চালু থাকলেও ২০১৫-১৬ অর্থবছর থেকে পৌরসভা ও সিটি করপোরেশন ছাড়া প্রাক-প্রাথমিক থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীর জন্য উপবৃত্তি চালু হয়।

প্রথমত, উপবৃত্তি পাওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীর প্রতি মাসে বিদ্যালয়ের মোট কর্মদিবসের ৮৫% উপস্থিতি বিধান রয়েছে। কিন্তু অনেক অসচেতন অভিভাবক তাঁদের সন্তানদের নির্দিষ্ট দিনে বিদ্যালয়ে না পাঠিয়ে সরকারি অর্থ দাবি করেন। এমনকি অনেক ক্ষেত্রে অর্থ না পেয়ে প্রধানশিক্ষকের বিরুদ্ধে আত্মসাতের ভুয়া অভিযোগ দাখিল করেন। এ কারণে কোনো কোনো ক্ষেত্রে শিক্ষকেরা অভিভাবকের সঙ্গে বিবাদে না জড়িয়ে শিক্ষা প্রশাসককে উপেক্ষা করে ছাত্রছাত্রীর হাজিরা রেজিস্টারে ভুয়া হাজিরা নিশ্চিত করা হয়। ফলেযে উদ্দেশ্যে সরকার প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি চালু করেছেন তা অনেকাংশে ব্যাহত হয়।

দ্বিতীয়ত, উপবৃত্তি পাওয়ার ক্ষেত্রে পরীক্ষায় প্রত্যেক বিষয়ে ন্যূনতম ৩৩% নম্বর প্রাপ্তির বিধান রয়েছে।